# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬৯৭

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১৪. পাথর দিয়ে ইসতিনজা করা

## بَابُ الِاسْتِنْجَاءِ بِالْأَحْجَارِ

আরবী

حَدَّثَنَا زَكَرِيَّا بْنُ عَدِيٍّ حَدَّثَنَا ابْنُ الْمُبَارَكِ عَنْ ابْنِ عَجْلَانَ عَنْ الْقَعْقَاعِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّمَا أَنَا لَكُمْ مِثْلُ الْوَالِدِ لِلْوَلَدِ أُعَلِّمُكُمْ فَلَا تَسْتَقْبِلُوا الْقِبْلَةَ وَلَا تَسْتَدْبِرُوهَا وَإِذَا اسْتَطَبْتَ فَلَا تَسْتَطِبْ بِيَمِينِكَ وَكَانَ يَأْمُرُنَا بِثَلَاثَةِ أَحْجَارٍ وَيَنْهَى عَنْ الرَّوْثِ وَالرِّمَّةِ قَالَ زَكَرِيَّا يَعْنِي الْعِظَامَ الْبَالِيَةَ

إسناده حسن

বাংলা

৬৯৭. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: সন্তানদের পিতা যেভাবে (শিক্ষা দেয়), আমিও তোমাদেরকে ঠিক তেমনিভাবেই শিক্ষা দেই। অতএব, তোমরা কিবলাকে সামনে রেখে কিংবা পিছনে রেখে (পেশাব-পায়খানায়) বসবে না; আর যখন তোমরা ইসতিনজা (পবিত্রতা অর্জন) করবে, তখন ডান হাত দিয়ে ইসতিনজা করবে না।

আর তিনি আমাদেরকে তিনটি পাথর দিয়ে (ইসতিনজা করতে) আদেশ করতেন এবং পশুর মল (গোবর) ও হাড় দ্বারা (ইসতিনজা করতে) নিষেধ করতেন।[1]আর যাকারিয়া বলেন: এর অর্থ জীর্ণ বা পুরাতন হাড়।

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান;

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ করেছি সহীহ ইবনু হিব্বান নং ১৪৩১, ১৪৪০; মাওয়ারিদুয যাম'আন নং ১২৮, ১২৯, ১৩০; মুসনাদুল হুমাইদী নং ১০১৮ তে।

আরও বর্ণনা করেছেন, শাফিঈ, আল উম্মু ১/২২, মুসনাদ ১/২৮; বাইহাকী, আল মা'রিফাহ ১/৩৪৩ নং ৮৪৬।

(সুনান ১/১০ নং ৫০; সুনানুল কুবরা ১/৯১; আহমদ, আল মুসনাদ ২/২৪৭, ২৫০ নং ৭৩৬২, ৭৪০৩; আবু দাউদ ৮; নাসাঈ ৪০; ইবনু মাজাহ ৩১২; সহীহ মুসলিম, কিতাবুত তাহারাত (সংক্ষিপ্ত আকারে)- ফাতহুল মান্নান। -অনুবাদক।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=76073

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন